3000Rs.

INDIA NON JUDICIAL

३000रु. | Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रूपये | THREE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and Section 82 ... of the Calcutta Improvement Act 1911 Schedule ...

... paid ... the Indian ... as ... the Calcutta Improvement Act 1911

Rs ......

Registrar ... Alipore, 24 Parganas

## –ঃ দান পত্র ঃ–

দাতাগণ ঃ-

১। শ্রী পঙ্কজ কুমার বিশ্বাস, পিতা স্বর্গত কার্তিক চন্দ্র বিশ্বাস, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং -৩৬ নং লতাফৎ হোসেনলেন, থানা বেলেঘাটা, কলিকাতা -৭০০০ ৮৫।

২। শ্রী জগন্নাথ বিশ্বাস, পিতা স্বর্গত কার্তিক চন্দ্র বিশ্বাস, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং -৩৬ নং লতাফৎ হোসেন লেন, থানা বেলেঘাটা, কলিকাতা -৭০০০ ৮৫।

দাত্রী ঃ-

শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস, স্বামী স্বর্গত কার্তিক চন্দ্র বিশ্বাস, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং -৩৬ নং লতাফৎ হোসেনলেন, থানা বেলেঘাটা, কলিকাতা -৭০০০ ৮৫।

অবিভক্ত অংশের যাবতীয় হক হকিয়ৎ স্বত্ব স্বামিত্ব, শ্রী পরেশ চন্দ্র ঘোষ কে নির্ব্যূঢ় রূপে

S. No. 2878(3)
Sold to Indu Bala Biswas.
of 36 Latafat Hossen Lane. Cal - 85.
Rs. 3000/- Dt. 26/7/91

Alipore Treasury
South 24-Parganas

Name Indu Bala Biswas
S o. W o. D/o. Lt. Kartick Ch
of Biswas
36 Latafat Hossen Lane
Dist. South 24-Parganas Cal 85
by Caste Hindu / Mushlim
by Profession H/wife

2878 (3)

Rs. 3,000/-
" — 500/-
" — 100/-

Presented for Registration ... 5/8
Day of Aug 91 3,600/- Rs Three thousand & Six hundred only.

Indu Bala Biswas

Power of attorney

Registrar U/S 7 (2)
Alipore 24 Parganas
5-8-91

Name Mukunda Sardar
S o. W o. D/o. Advocate
of

Dist. South 24 Parganas
by Caste Hindu / Mushlim
by Profession.

শ্রীমতি ইন্দুবালা বিশ্বাস


13103

শ্রীমতি ইন্দুবালা বিশ্বাস

Mukunda Sardar
Advocate

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
5-8-91

500Rs.






এই দানপত্র সন ১৩৯৮ সাল, ইংরাজী ১৯৯১ খৃষ্টাব্দ তারিখে সম্পাদিত হইল ।

অস্য নিম্ন ।ক। তপসীল বর্ণিত দ্বিতল বাসগৃহ মায় তৎসংলগ্ন জমির সাফ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ চব্বিশ পরগনা, থানা বেলেঘাটা, সাব রেজেষ্ট্রী অফিস শিয়ালদহ, ডিহি পঞ্চান্ন গ্রাম, ডিভিশন ৩, সাব ডিভিশন ১৩ তৌজি নং ২৮৩৩, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৩৪ নং ওয়ার্ড অন্তর্গত হোল্ডিং ২৫৬ এর অন্তর্গত ৩৬ নং লতাফৎ হোসেন লেনস্থ প্রেমিসেস ভুক্ত কমবেশী ৫ পাঁচ কাঠা ৫ পাঁচ ছটাক নিষ্কর বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারত বাটি ঘর, পায়খানা এবং নিম্ন ।ক। তপসীল বর্ণিত প্যাসেজ রূপে ব্যবহৃত জমি মোহাম্মদ খইরুল আলম দিগরের স্বত্ব দখলী সম্পত্তি থাকে ।

Sl. No.— 2878(3)
Sold to Sri/Smt.— Indu Bala Biswas.
of— 36 Lalafalh Lane. Cal - 88.
Rs.— 5007 Date 26/7/91

Stamp Vendor
Alipore Treasury
South 24-Parganas

2878 (3)

Seal of the office of District Sub-Registrar, Alipore, South 24-Parganas

Registrar U/S 7 (2)
Alipore 24 Parganas

100Rs.






উক্ত মোহাম্মদ খই রুল আলম দিগর উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা কালিন উক্ত নিম্ন (ক) তপশীল ভুক্ত মায় তদুপরিস্থিত স্থিত পাকা বাসগৃহ ১৯২৩ খৃষ্টাব্দের ৮ই অক্টোবর তারিখে রেজিস্ট্রীকৃত সাফ কোবালা দলিল মারফৎ মুনসী রমজান আলির নিকট বিক্রয় করেন । উক্ত মুনসী রমজান আলি নিম্ন তপশীল ভুক্ত উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা কালিন তাঁহার দুই পত্নী মোসাম্মৎ মকবুল বিবি ও মোসাম্মৎ নেকজান বিবি, উক্ত মোসাম্মৎ নেকজান বিবির গর্ভজাত কন্যা আমিনা খাতুন এবং তাঁহার মৃত পুত্র আবদুর রউফের একমাত্র পুত্র এক্বাল হোসেনকে উক্ত সম্পত্তির মালিক ওয়ারেশান হিসাবে রাখিয়া ১৯৩১ খৃষ্টাব্দের কোন সময়ে পরলোক গমন করেন ।

উক্ত মোসাম্মৎ আমিনা খাতুন তাঁহার স্বামী মুন্সী আসরাফ আলি, তাঁহার মাতা উক্ত নেকজান বিবি এবং উক্ত নেকজান বিবি পৌত্র এক্বাল হোসেন কে উক্ত সম্পত্তিতে উক্ত মোসাম্মৎ খাতুন এর অবিভক্ত অংশের ওয়ারিশান মালিক হিসাবে রাখিয়া

S. No.— 2878 (3)
Sold to Sri/Smt. Indu Bala Biswas.
of 36 Latafat Hossain Lane. Cal-85
Rs. 1007— Date 26/7/91

26/7/91
Stamp Clerk
Alipore Treasury
South 24-Parganas

Seal of the office of District Registrar, South 24-Parganas

Registrar U/S 7 (2)
Alipore 24 Parganas.
5-8.91

১৯৩২ খৃষ্টাব্দের আগস্ট মাসে উক্ত মোসাম্মৎ আমিনা খাতুন পরলোক গমন করেন ।

১৯৩৯ খৃষ্টাব্দের ২৫ শে এপ্রিল তারিখে একটি রেজিস্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা মারফৎ উক্ত মৃত মুনসী রমজান আলির বিধবা পত্নী উক্ত মোসাম্মৎ মকবুল বিবি ও উক্ত আবদুর রউফের পুত্র একরাম হোসেন উক্ত নিম্ন লিখিত তপশীল ভূক্ত সম্পত্তিতে - তাহাদের নিজ নিজ অবিভক্ত অংশে তাহাদের যাবতীয় স্বত্ব স্বামিত্ব লাভ লভ্যাংশেও রাইটাদি উক্ত মৃত মোসাম্মৎ আমিনা খাতুনের স্বামী উক্ত মুনসী আসরাফ আলিকে বিক্রয় করেন । ফলে উক্ত নেকজান বিবি ওউক্ত আসরাফ আলি নিম্ন তপশীল ভূক্ত সম্পত্তির যুগ্ম মালিকানা অর্জন করেন ।

১৯৪৩ খৃষ্টাব্দের ৬ ই আগস্ট তারিখে রেজিস্ট্রীকৃত একটি সাফ বিক্রয় কোবালা মারফৎ উক্ত মুনসী আসরাফ আলি ও উক্ত মোসাম্মৎ নেকজান বিবি উক্ত নিম্ন তপশীল ভূক্ত সম্পত্তিতে তাহাদের যুগ্ম অবিভক্ত অর্ধাংশ আবু সৈয়দ মহম্মদ ইয়াকুব আলি ও মহম্মদ ইউসুফ আলিকে বিক্রয় করেন ।

১৯৪৩ খৃষ্টাব্দের ৬ই আগস্ট তারিখে রেজিস্ট্রীকৃত অন্য একটি সাফ বিক্রয় কোবালা মারফৎ উক্ত মুনসী আসরাফ আলি ও উক্ত মোসাম্মৎ নেকজান বিবি উক্ত নিম্ন তপশীল ভূক্ত সম্পত্তিতে তাঁহাদের বাকী যুগ্ম অর্ধাংশ রওশন আখতার হামিদা খাতুনকে বিক্রয় করেন ।

১৯৪৭ খৃষ্টাব্দের ১২ ই ডিসেম্বর তারিখে রেজিস্ট্রীকৃত একটি সাফ কোবালা মারফৎ উক্ত আবু সৈয়দ মহম্মদ ইয়াকুব আলি ও মহম্মদ ইউসুফ আলি তাঁহাদের খরিদা উক্ত নিম্ন ।ক। তপশীল ভূক্ত সম্পত্তির অবিভক্ত অর্ধাংশের যাবতীয় হক হকিয়ত স্বত্ব, স্বামিত্ব, এবং রওশন আখতার হামিদা খাতুন তাঁহার খরিদা উক্ত নিম্ন ।ক। তপশীল ভূক্ত সম্পত্তির অপর অবিভক্ত অংশের যাবতীত হক হকিয়ৎ স্বত্ব স্বামিত্ব, শ্রী পরেশ চন্দ্র ঘোষ কে নির্ব্যূঢ় রূপে

চিরতরে বিক্রয় করেন। উক্ত শ্রী পরেশ চন্দ্র ঘোষ সন ১৩৬৪ সালের ৩রা শ্রাবণ, ইংরাজী ১৯৫৭ খৃষ্টাব্দের ১৯শে জুলাই তারিখে শিয়ালদহ সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভলিউম নং -২৯ এর ১৮৪ হইতে ১৮৯ নং পাতায় লিপিবদ্ধ এবং ১৯৫৭ সালের ১৪৪৪১ নং দলিল হিসাবে রেজিষ্ট্রীকৃত একটি সাফ বিক্রয় কোবালা মারফৎ উক্ত নিম্ন ।ক। তপশীল ভুক্ত সম্পত্তি অত্র দানপত্র দাত্রী আমি শ্রী মতী ইন্দু বালা বিশ্বাস এবং শ্রীমতী গীতা রাণী বিশ্বাসকে উক্ত নিম্ন।ক। তপশীল ভুক্ত সম্পত্তিতে তাঁহার যাবতীয় হক হকিয়ৎ স্বত্ব, স্বামিত্ব, নিব্যূঢ় রূপে চিরতরে বিক্রয় করেন এবং উক্ত দলিলের অন্তর্গত ।খ। তপশীল ভুক্ত প্যানেলের জমির যাবতীয় স্বত্ব, স্বামিত্ব হক হকিয়ৎ আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাসকে ও উক্ত শ্রীমতী গীতা রাণী বিশ্বাস-কে নিব্যূঢ় রূপে নিঃস্বত্ত্বভাবে চিরতরে বিক্রয় করেন ।

অতঃপর অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস এবং উক্ত শ্রীমতী গীতারাণী বিশ্বাস প্রত্যেকে উক্ত নিম্ন।ক। তপশীল ভুক্ত সম্পত্তির অবিভক্ত অর্দ্ধাংশের মালিক হকদার হই ।

অতঃপর অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস ও উক্ত শ্রীমতী গীতা রাণী বিশ্বাস উক্ত সম্পত্তিতে আমাদের নাম পত্তন করিয়া এবং কলিকাতা কর্পো-রেশনে বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে যথারীতি খাজনা ও ট্যাক্সাদি দিয়া ভোগ দখল করিতে থাকি ।

অতঃপর অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস এবং উক্ত শ্রীমতী গীতরাণী বিশ্বাস আমাদের যুগ্ম সম্পত্তি সমূহ বাংলা সন-১৩৯২ সালের ২৯ শে শ্রাবণ তারিখে, ইংরাজী ১৯৮৫ খৃষ্টাব্দের ১৪ ই আগষ্ট তারিখে সম্পাদিত এবং ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী আলিপুরের অফিসে বুক নং ১, ভলিউম নং -১৯১ এর ৯৬ হইতে

হইতে ১০৫ নং পাতায় লিপিবদ্ধ এবং ১৯৮৫ খৃষ্টাব্দের ১১৩৫০ নং দলিল হিসাবে রেজিষ্ট্রীকৃত বন্টন নামা মূলে আপোষে বন্টন করিয়া লন ।

উক্ত সন ১৩৯২ সালের ২৯ শে শ্রাবণ তারিখে ইংরাজী ১৯৮৫ খৃষ্টাব্দের ১৪ ই আগষ্ট তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত বন্টন নামা ও বিনিময় দলিল মোতাবেক উক্ত নিম্ন তপশীল ভুক্ত কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ৩৬ নং লতাফৎ হোসেন লেন, থানা বেলেঘাটা, কলিকাতা ৭০০০৮৫ তে অবস্থিত কমবেশী ৫ পাঁচ কাঠা ৫ পাঁচ ছটাক নিষ্কর বাস্তু জমি তদুপরিস্থিত দ্বিতল পাকা বাটীর এবং তৎসংলগ্ন প্যাসেজের জমির অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস ষোলআনা মালিকানা প্রাপ্ত হই।

অতঃপর অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে নাম দাখিল করিয়াযাবতীয় ট্যাক্স খাজনাদি দিয়া উক্ত নিম্ন।ক। তপশীল ভুক্ত সম্পত্তি প্রেমিসেস নম্বর ৩৬ নং লতাফৎ হোসেন লেন, বেলেঘাটা কলিকাতাস্থিত কমবেশী ৫ পাঁচ কাঠা ৫ পাঁচ ছটাক নিষ্কর বাস্তু জমি সায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারত বাটি অদ্যাবধি খাসে ভোগ দখল করিয়া আসিতেছি । তোমরা অত্র দানপত্র গ্রহিতাদ্বয় শ্রীমান পঙ্কজ কুমার বিশ্বাস ও শ্রীমান জগন্নাথ বিশ্বাস আমার জ্যেষ্ঠ ও কনিষ্ঠ পুত্র হইতেছ। তোমরা আমাকে অর্থাৎ অত্র দানপত্র দাত্রীকে যথেষ্ট ভক্তি শ্রদ্ধা কর । তোমাদের আমি সবিশেষ ভালবাসি ও স্নেহ করি ।

এক্ষনে অত্র দানপত্র দাত্রী আমি শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস তোমাদের প্রতি য়া
আমার স্বাভাবিক স্নেহ প্রীতি ও ভালবাসা বশতঃ উক্ত নিম্ন লিখিত।ক। তপশীল ভুক্ত সমগ্র সম্পত্তি নিম্ন।খ। তপশীল ও নিম্ন লিখিত।গ। তপশীল অনুযায়ী লট।এ। এবং লট

।বি। তে বিভক্ত করিয়া এবং তাহা এই সংলগ্ন ম্যাপ বা প্ল্যানে বিশদ ভাবে দর্শাইয়া তুমি শ্রী পঙ্কজ কুমার বিশ্বাস ও তুমি শ্রী জগন্নাথ বিশ্বাস কে নিম্নে লিখিত নির্দ্দেশ মত অদ্য নিব্যূঢ় স্বত্বে চিরতরে দান করিলাম ।

আমি এই দানপত্র দাত্রী শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস অদ্য আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান পঙ্কজ কুমার বিশ্বাস তোমাকে নিম্ন লিখিত ।খ। তপশীল ভুক্ত এই সংলগ্ন ম্যাপ বা প্ল্যানে হলুদ রং দিয়া পরিবৃত ও সীমাবদ্ধ উক্ত দ্বিতল বাটীর ছাদের অর্দ্ধাংশ সমেত ।বি । লট চিহ্নিত সম্পত্তি নিব্যূঢ় ভাবে চিরতরে দান করিলাম । এবং আমি এই দানপত্র দাত্রী অদ্য হইতে নিম্ন লিখিত ।খ। তপশীল ভুক্ত সম্পত্তিতে শ্রীমান পঙ্কজ কুমার বিশ্বাস তোমাকে দখল দিলাম।

আমি এই দানপত্র দাত্রী শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস অদ্য আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান জগন্নাথ বিশ্বাস তোমাকে নিম্ন লিখিত ।গ। তপশীল ভুক্ত এই সংলগ্ন ম্যাপ বা প্ল্যানে লাল রং দিয়া পরিবৃত ও সীমাবদ্ধ উক্ত দ্বিতল বাটীর ছাদের অর্দ্ধাংশ সমেত ।এ। লট চিহ্নিত সম্পত্তি নিব্যূঢ় ভাবে চিরতরে দান করিলাম । এবং আমি এই দানপত্র দাত্রী অদ্য হইতে নিম্ন লিখিত ।গ। তপশীল ভুক্ত সম্পত্তিতে শ্রীমান জগন্নাথ বিশ্বাস তোমাকে দখল দিলাম।

নিম্ন লিখিত তপশীল ভুক্ত সম্পত্তি সমূহে আমার যাহা স্বত্ব , স্বামিত্ব, হক হকিয়ৎ দখল অধিকারাদি ছিল বা আছে তাহা পূর্ব্ব লিখিত নির্দেশ মত তোমাদের উপর সম্পূর্ণ রূপে বর্ত্তাইল ।

তুমি শ্রীমান পঙ্কজ কুমার বিশ্বাস নিম্ন লিখিত ।খ। তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার স্বত্বে স্বত্ববানহইয়া এবং তুমি শ্রীমান জগন্নাথ বিশ্বাস নিম্ন লিখিত।গ।

তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার স্বত্বে স্বত্ববান হইয়া ভিন্ন ভিন্ন সম্পত্তিতে সর্ব্ব প্রকার দান, বিক্রয়, বন্ধকাদি হস্তান্তরাদির মালিক ও অধিকারী হইয়া পুত্র পৌত্রাদি, ওয়ারিশান গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক, কস্মিনকালে নিম্ন লিখিত তপশীল ভুক্ত সম্পত্তিসমূহের উপর আমি বা আমার অন্য কোনওয়ারিশান গণ বা আমার বা তাহাদের স্থলাভিষিক্ত কোন ব্যক্তি বা ব্যক্তি গণ কোনপ্রকার দাবি দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না, করিলেও তাহা সর্ব্ব সময়ে সর্ব্বস্থলে-সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া চিরবঞ্চিত ও গন্য হইবে ।

নিম্ন লিখিত তপশীল ভুক্ত সম্পত্তি সমূহে আমি ইতি পূর্ব্বে অন্য কাহাকেও দান বিক্রয়, বন্ধকাদি বা কোনপ্রকার হস্তান্তর করি নাই বা আমার কোনদেনার দায়ে উহা কোন আদালত হইতে ক্রোক বন্ধ বা নীলাম দ্বারা আবদ্ধ হয় নাই বা উহা বিক্রয় করিবার নিমিত্ত কাহারও সহিত চুক্তি করি নাই বা উক্ত সম্পত্তি সমূহে আমার কোন অংশীদার নাই । নিম্ন লিখিত তপশীল ভুক্ত সম্পত্তি সমূহ মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইষ্টক নির্মিত বাসগৃহ আমি অত্র দাত্রী শ্রীমতী ইন্দু বালা বিশ্বাস অত্র গ্রহিতাদ্বয় শ্রীমান পঙ্কজ কুমার বিশ্বাস ও শ্রীমান জগন্নাথ বিশ্বাস তোমাদের পূর্ব্বলিখিত নির্দ্দেশ মত নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে চিরতরে দান করিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে স্থির চিত্তে স্বজ্ঞানে বিনা বাধায় অপরের বিনা অনুরোধে বা প্ররোচনায় তোমাদের নাম বরাবর অত্র সাফ দান পত্র লিখিত পঠিত হইয়া সাক্ষীগনের সম্মুখে সহি সম্পাদন করিয়া রেজিস্ট্রী করাইয়া দিলাম । ইতি তারিখ বাংলা সন ১৩৯৮ সালের-১৭শে শ্রাবণ মোতাবেক ইংরাজী ১৯৯১সালের-২ই-আগস্ট -

আমরা অত্র দানপত্র গ্রহিতাদ্বয় –শ্রী পঙ্কজ কুমার বিশ্বাস ও শ্রী জগন্নাথ বিশ্বাস আমাদের স্ব স্ব চিহ্নিত দানকৃত সম্পত্তি গ্রহণ করিলাম ।

ষ্ট্যাম্প ডিউটি প্রদানের নিমিত্ত নিম্ন লিখিত তপশীল ভুক্ত সম্পত্তির মূল্য– ৩০,০০০.০০ ত্রিরিশ হাজার টাকা ধার্য্য করা হইল ।।

উক্ত ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির পরিচয় ঃ–

জেলা দক্ষিণ চব্বিশ পরগনা, থানা বেলেঘাটা ,সাব রেজেষ্ট্রী অফিস –শিয়ালদহ, ডিহি পঞ্চান্ন গ্রাম, ডিভিসন ৩, সাব ডিভিসন ১৩, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৩৪ নং ওয়ার্ড অন্তর্গত হোল্ডিং নং ২৫৬ এ, অন্তর্গত প্রেমিসেস নং–৩৬ নং লতাফৎ হোসেন লেনস্থ অন্তর্গত এবং অত্র জেলা কালেকটারীর মহাল ২৮৩৩ নং তৌজি ভুক্ত কমবেশ ৫ পাঁচ কাঠা ৫ পাঁচ ছটাক নিষ্কর বাস্তু জমি সহ তদুপরিস্থিত ইষ্টক নির্ম্মিত পাকা দ্বিতল বাসগৃহ সহ উক্ত প্রেমিসেসের উত্তর দিগস্থ ৩৪ ফুট ৪ ইঞ্চি প্রস্থ প্যাসেজ হিসাবে ব্যবহৃত জমি ।

– ইহার চৌহদ্দি ঃ–

উত্তর ঃ– প্রেমিসেস নং ৩৫ লতাফৎ হোসেন লেন ও প্যাসেজ ।

দক্ষিণ ঃ– প্রেমিসেস নং .৩৭।বি, লতাফৎ হোসেন লেন ।

পূর্ব্ব ঃ– প্রেমিসেস নং–৩৭ লতাফৎ হোসেন লেন ।

পশ্চিম ঃ– খাঁ কম্পিল্ড কুল ।

– ।খ। তপশীল উক্ত সম্পত্তি ঃ–

জেলা দক্ষিণ চব্বিশ পরগনা, থানা বেলেঘাটা, সাব রেজিস্ট্রী অফিস শিয়ালদহ ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত প্রেমিসেস নম্বর ৩৬ নবাব হোসেন লেনস্থ পূর্ব লিখিত লট ।বি। সায় উক্ত বাটীর ছাদের অংশ যাহা অত্র সংলগ্ন ম্যাপ– প্ল্যান বা নক্সায় হলুদ রং দ্বারা সীমাবদ্ধ বা পরিবৃত আছে তৎসহ ।বি । লটের গৃহিতা উক্ত ইমারতের উত্তর সীমানা বরাবর অবস্থিত ৬৫´ফুট লম্বা কমন প্যাসেজ ও সেফটি ট্যাঙ্ক, উক্ত ইমারতের পূর্ব সীমানা বরাবর অবস্থিত ৫৩´– ৩´´ইঞ্চি লম্বা কমন প্যাসেজ ও সেফটি ট্যাঙ্ক , উক্ত ইমারতের দক্ষিণ সীমানা বরাবর ৫৭´–১ ´´ ইঞ্চি লম্বা কমন প্যাসেজ ও উক্ত ইমারতের পশ্চিম সীমানা বরাবর অবস্থিত ৫৫´– ৬´´ ইঞ্চি লম্বা কমন প্যাসেজ ও তদস্থিত ওয়াটার রিজার্ভার ও উক্ত বাটীর একতল হইতে ছাদ পর্য্যন্ত যাইবার সিঁড়ি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে সবুজ রং এ সমীবদ্ধ ও পরিবৃত– আছে তাহা উক্ত ইমারতের লট ।এ। এর মালিক ও তাহার স্বত্বাধিকারী গনের সহিত একত্রে ব্যবহার করিবার দেখাশুনা করিবার এবং রক্ষা বেক্ষা করিবার স্বত্বে , স্বত্ববান হইবেন ।

– ঃ ।খ। তপশীল সম্পত্তির চৌহদ্দি ঃ–

উত্তর ঃ– ৩৬ নং নবাব হোসেন লেনের নিজস্ব কমন প্যাসেজ ।

দক্ষিণ ঃ–৩৬ নং নবাব হোসেন লেনের নিজস্ব কমন প্যাসেজ ।

পূর্ব্ব ঃ– ৩৬ নং নবাব হোসেন লেনের নিজস্ব কমন প্যাসেজ ।

পশ্চিম ঃ– কিয়দংশ এজমালি সিঁড়ি ও কিয়দংশ বাটীর লট ।এ। এর অংশ ।

।১১।

- উক্ত ।গ। তপসীল ভুক্ত সম্পত্তি ঃ-

জেলা দক্ষিণ-চব্বিশ পরগনা, থানা বেলেঘাটা ,সাব রেজিস্ট্রী অফিস শিয়ালদহ, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৩৪ নং ওয়ার্ড অন্তর্গত প্রেমিসেসনম্বর ৩৬ নং নওয়াব হোসেন লেনস্থ পূর্ব লিখিত লট ।এ। মায় উক্ত বাটির ছাদের অর্দ্ধাংশ-যাহা অত্র সংলগ্ন ম্যাপ প্ল্যান বা নক্সায় লাল রং এর দ্বারা সীমা বদ্ধ বা পরিবৃত আছে তৎসহ ।এ। লটের গ্রহিতা উক্ত ইমারতের উত্তর সীমানা বরাবর অবস্থিত ৬৫' ফুট লম্বা কমন প্যাসেজ ও তদস্থিত সেফটি ট্যাঙ্ক উক্ত ইমারতের পূর্ব সীমানা বরাবর অবস্থিত ৫৩'-৩" ইঞ্চি লম্বা কমন প্যাসেজ ও তদস্থিত সেফটি ট্যাঙ্ক উক্ত ইমারতের দক্ষিণ সীমানা বরাবর অবস্থিত ৫৭'-১" ইঞ্চি লম্বা কমন প্যাসেজ , উক্ত ইমারতের পশ্চিম সীমানা বরাবর অবস্থিত ৫৫'-৬" ইঞ্চি লম্বা কমন প্যাসেজ ও তদস্থিত ওয়াটার রিজার্ভার এবং উক্ত ইমারত বাটীর একতলহইতে ছাদ পর্য্যন্ত যাইবার সিঁড়ি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে সবুজ রং-এর সীমাবদ্ধ ও পরিবৃত আছে তাহা উক্ত ইমারতের লট ।বি। এর মালিক এবং তাহার স্বত্বাধিকারীদের সহিত একত্রে ব্যবহার করিবার, দেখাশুনা করিবার এবং রক্ষা বেক্ষা করিবার স্বত্বে, স্বত্ববান হইবেন ।

।গ। তপসীল সম্পত্তির চৌহদ্দি ঃ-

উত্তর ঃ- ৩৬ নং নওয়াব হোসেন লেনের নিজস্ব কমন প্যাসেজ ।

দক্ষিণ ঃ- ৩৬ নং নওয়াব হোসেন লেনের নিজস্ব কমন প্যাসেজ ।

পূর্ব ঃ- কিয়দংশ এজমালি সিঁড়ি এবং কিয়দংশ-লট ।বি এর অংশ ।


পশ্চিম ঃ-৩৬ নওয়াব হোসেন লেন এর নিজস্ব কমন প্যাসেজ ।

## …N SHOWING PARTITION AT PREMISES No. 36, LATAFAT HOSSAIN LANE.

…ALE 1"= 8'- 0"

| | | AREA (more or less) | COLOURED BY |
|---|---|---|---|
| LOT-B BELONGS TO | PANKAJ KUMAR BISWAS | 1049 sft. (1K.–7CH.–14 SFT.) | |
| LOT-A BELONGS TO | JAGANNATH BISWAS | 1011 sft. (1K. 6 CH. 21 SFT.) | |
| COMMON PASSAGE | 1765 sft. (2K.–7CH.–10 SFT.) | | |
| TOTAL AREA | 3825 sft. (5K.–5CH.–0 SFT.) | | |

PARTITION LINE ——·——··——




DRAWN BY · A. Biswas

